

Higher Secondary Examination, 2008

Philosophy (New Syllabus)

(Bengali Version)

১. প্রশ্নগুলির উত্তর দাও:-

১x১০=১০

শূন্যস্থান পূরণ করঃ

- ক) বৈধ অবরোহ যুক্তির হেতুবাক্য সত্য হলে সিদ্ধান্ত.....হতে পারে না ।
অথবা, অবরোহ যুক্তির হেতুবাক্যের.....সত্যতা বিচার করা হয় না ।
খ) সামান্য সদর্থক বচনে.....পদ ব্যাপ্য হয় ।
গ) অপ্রাসঙ্গিক সাদৃশ্যের ভিত্তিতে উপমা যুক্তির সিদ্ধান্ত গৃহীত হলে,সেটি হবে.....উপমা যুক্তি ।

সত্য অথবা মিথ্যা বলঃ

- ঘ) বিপরীত বিরোধিতার ক্ষেত্রে একই উদ্দেশ্য ও একই বিধেয় পদযুক্ত দুটি বচন একই সঙ্গে সত্য হতে পারে না ।
অথবা, অসম বিরোধিতার ক্ষেত্রে সামান্য বচনটি সত্য হলে বিশেষ বচনটি সংশয়াত্মক হয় ।
ঙ) বৈধ অবরোহ যুক্তির সিদ্ধান্ত হেতুবাক্যের তুলনায় ব্যাপকতর হয় ।

সঠিক উত্তরটি বেছে নাওঃ

- চ) নিরপেক্ষ ন্যায়ে প্রথম সংস্থানে বৈধ মূর্তির সংখ্যা- চার/পাঁচ/ছয়/সাত ।
অথবা, যদি বৈধ নিরপেক্ষ ন্যায়ে হেতুপদ উভয় আশ্রয়বাক্যেই বিধেয় স্থানে থাকে, তবে সেইটি প্রথম/দ্বিতীয়/তৃতীয়/চতুর্থ সংস্থান বলা হয় ।

হঁ অথবা না বলঃ

- ছ) প্রাকল্পিত- নিরপেক্ষ ন্যায়ে অনুগকে স্বীকার করে পূর্বগকে স্বীকার করলে যুক্তিটি বৈধ হয় ।
অথবা শরৎচন্দ্র কবি অথবা তিনি ঔপন্যাসিক- এটি একটি বৈকল্পিত বচন ।
জ) শুধুমাত্র অবাধ অভিজ্ঞতার ভিত্তিতে সামান্য সিদ্ধান্ত গ্রহণ করলে অবৈধ সামান্যীকরণ দোষ হয় ।

এক কথায় উত্তর দাওঃ

- ঝ) আরোহ অনুসারে সিদ্ধান্ত কি নিশ্চিত না সম্ভাব্য ?
ঞ) যে তর্কবিজ্ঞানী কারণকে পর্যাপ্ত শর্ত হিসাবে গ্রহণ করেন, তাঁর নাম লেখো ।

২. প্রশ্নগুলির উত্তর দাওঃ

২x১০=২০

- ক) একটি অবরোহ যুক্তি এবং একটি আরোহ যুক্তির দৃষ্টান্ত দাও ।
অথবা, অবরোহ যুক্তির দুটি বৈশিষ্ট্য লেখ ।
খ) নিম্নলিখিত বচনটির গুণ ও পরিমাণ নির্ধারণ করোঃ কোনো মানুষ নয় সৎ ।
গ) বিবর্তন করোঃ সব ছাত্র মনোযোগী নয় ।
অথবা, A বচনের সরল আবর্তন হয় এমন একটি উদাহরণ দাও ।
ঘ) বৈকল্পিক নিরপেক্ষ ন্যায়ে সংজ্ঞা দাও ।
ঙ) যদি p সত্য হয়, তাহলে p v q -এর সত্যমূল্য কী হবে বুঝিয়ে লেখ ।
অথবা, সংযৌগিক বচন কোন শর্তে সত্য হয় ?
চ) সংকেতিক আকারে নীচের বাক্যটিকে লেখোঃ হয় ডেকার্ট বুদ্ধিবাদী অথবা তিনি অভিজ্ঞতাবাদী ।
ছ) সত্যমূল্য নির্ণয় করোঃ p v ~ q

জ) 'ক হলো খ- এর আবশ্যিক শর্ত'- এ- কথায় অর্থ কী ?

ঝ) আবশ্যিক- পর্যাণ্ত শর্তের একটি দৃষ্টান্ত দাও ।

অথবা, 'আগুন হলো ধোঁয়ার কারণ'- এখানে 'কারণ' কথাটির অর্থ কী ?

ঞ) অস্থায়ী পদ্ধতির একটি প্রতীকী দৃষ্টান্ত দাও ।

অতবা, যে অপনয় সূত্রটি মিলের ব্যতিরেকী পদ্ধতির ভিত্তি, সেটি উল্লেখ করো ।

৩. প্রশ্নগুলির উত্তর দাওঃ

৫x৬=৩০

ক) নিম্নলিখিত বাক্যগুলিকে আদর্শ নিরপেক্ষ বচনে রূপান্তরিত করোঃ

- i) মানুষ কদাচিৎ সুখী । ii) কেবলমাত্র শিক্ষিত ব্যক্তিরাই প্রগতিশীল । iii) সব গল্প সত্য নয় । iv) মানুষ সাধারণত সত্যনিষ্ঠ । v) উটপাখি উড়তে পারে না ।

অথবা, 'পদের ব্যাপ্যতা' বলতে কী বোঝায় ? উদাহরণ দিয়ে বোঝাও ।

খ) বিরুদ্ধে বিরোধিতার উদাহরণসহ সংজ্ঞা দাও ।

অথবা, নিম্নলিখিত বাক্যজোড়াগুলির মধ্যে বিরোধিতার সম্বন্ধ উল্লেখ করো; প্রতিক্ষেত্রে প্রথমটি সত্য হলে দ্বিতীয়টির সত্যমূল্য কী হবে বলোঃ

- i) সকল সৈনিক হয় দেশপ্রমিক । কোন কোন সৈনিক নয় দেশপ্রমিক ।
ii) কোনো মানুষ নয় অমর । সকল মানুষ হয় অমর ।

গ) ন্যায় অনুমানটি বৈধ কিনা নির্ণয় করো এবং দোষ থাকলে উল্লেখ করোঃ প্রত্যেক মানুষ মেধাবী নয়, সকল মানুষ ডাক্তার নয়; সুতরাং কিছু মেধাবী ব্যক্তি ডাক্তার নয় ।

অথবা, অব্যাপ্য হেতু দোষ কাকে বলে ? উদাহরণসহ ব্যাখ্যা করো ।

ঘ) নিচের যুক্তিটিকে যুক্তিবিজ্ঞানসম্মত আকারে সাজাও ও বৈধ কিনা নির্ণয় করোঃ যদি বৃষ্টি হয়, তাহলে মাটি ভেজে । বৃষ্টি হচ্ছে না । কাজেই মাটি ভেজে নি ।

ঙ) অপূর্ণ গণনামূলক আরোহ অনুমান কাকে বলে ? একটি উদাহরণ দাও ।

অথবা, টীকা লেখোঃ আরোহ অনুমানের স্বরূপ ।

চ) কারণ ও শর্তের মধ্যে পার্থক্য কী ?

অথবা, বহুকারণবাদের সংক্ষিপ্ত পরিচয় দাও ।

৪. প্রশ্নগুলির উত্তর দাওঃ

১০x৪=৪০

ক) আবর্তনের নিয়মগুলি কী কী ? নিম্নোক্ত বাক্যগুলির আবর্তন করোঃ

- i) পাখি চতুষ্পদ নয় (ii) গোলাপ সুগন্ধী (iii) সবুজ পাখি আছে ।

অথবা, বিবর্তন কাকে বলে ? বিবর্তনের নিয়মগুলি কী কী ? A, E, I, O বচনের বিবর্তনের দৃষ্টান্ত দাও ।

খ) প্রমাণ করোঃ

- (i) O বচন কখনোই প্রথম সংজ্ঞানের প্রধান আশ্রয়বাক্য হতে পারে না । (ii) উভয়

আশ্রয়বাক্যই বিশেষ হলে কোন সিদ্ধান্ত নিঃসৃত হয় না ।

অথবা, নিম্নলিখিত যুক্তি দুটির বৈধতা বিচার করো এবং দোষ থাকলে তা উল্লেখ করোঃ

- (i) বাদুড় নিশ্চয়ই পাখি, কারণ তারা উড়তে পারে এবং সব পাখি উড়তে পারে ।
(ii) অমল বিমলের বন্ধু, কেননা কমল বিমলের বন্ধু এবং অমল কমলের বন্ধু ।

গ) দৃষ্টান্তের সাহায্যে মিলের ব্যতিরেকী পদ্ধতিটি ব্যাখ্যা করো ।

অথবা, দৃষ্টান্তের সাহায্যে মিলের অস্থায়ী- ব্যতিরেকী পদ্ধতিটি ব্যাখ্যা করো ।

ঘ) টীকা লেখোঃ

- (i) কাকতালীয় দোষ । (ii) শর্তকে কারণ মনে করার দোষ ।

অথবা, নীচের আরোহ অনুমানগুলির বিচার কর ও কোন দোষ থাকলে তার উল্লেখ করঃ

- (i) জীবদেহের মতোই জাতির জন্ম, বৃদ্ধি এবং লয় আছে। সুতরাং জাতিও একটি জীবদেহ।
- (ii) শীতের পরেই বসন্ত আসে। কাজেই শীত বসন্তের কারণ।

www.Bengalstudents.com